



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৯  
১৬ নভেম্বর ২০২২

নম্বর : ৪৬.০০.০০০০.০৮২.১৮.০০৯.২২.১৭৪২

বিষয় : জেলা পরিষদের প্রথম সভা আহ্বান।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ আইন, ২০০০ এর ২২ ও ২৩ ধারায় চেয়ারম্যান ও সদস্য কর্তৃক কার্যভার গ্রহণ এবং পরিষদের প্রথম সভা অনুষ্ঠান সম্পর্কে নিম্নবর্ণিত বিধান রয়েছে:

ধারা ২২। চেয়ারম্যান ও সদস্য কর্তৃক কার্যভার গ্রহণ: চেয়ারম্যান ও সদস্যগণ পরিষদের সভায় প্রথম যে তারিখে যোগদান করিবেন সেই তারিখে তাহার স্বীয় পদের কার্যভার গ্রহণ করিয়াছেন বলিয়া গণ্য হইবে।

ধারা ২৩। পরিষদের প্রথম সভা অনুষ্ঠান: ধারা ৭ এর অধীন শপথ গ্রহণ অনুষ্ঠানের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে পরিষদের প্রথম সভা সরকার বা উহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্তি ব্যক্তি আহ্বান করিবেন।

২। গত ১৪ নভেম্বর ২০২২ তারিখে জেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

৩। এমতাবস্থায়, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ২৩ এর আলোকে শপথ গ্রহণ অনুষ্ঠানের পরবর্তী ৩০(ত্রিশ) দিন অর্থাৎ ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে জেলা পরিষদের প্রথম সভা আহ্বানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রথম সভা অনুষ্ঠান শেষে সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

  
এস এম নজরুল ইসলাম  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩০৫৫৬৮  
Email: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ..... (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ..... (সকল)।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, স্থানীয় সরকার, ..... (সকল)।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)